

অতীশ দীপঙ্কর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রকল্প বাস্তবায়নের আহ্বান

বাসস : বৃহত্তর ঢাকা জেলা কর্মজীবী সমিতির এক সভায় এ অঞ্চলের ৬টি জেলার বিভিন্ন উন্নয়ন ও কল্যাণমূলক কর্মকাণ্ড বাস্তবায়নের অগ্রগতি ও কৌশল নির্ধারণ, নিরক্ষরতা দূরীকরণ, সড়ক ও সেতু নির্মাণ, ডিজিটাল টেলিফোন স্থাপন এবং দূর ও অক্ষম জনগোষ্ঠীর পুনর্বাসনের লক্ষ্যে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

গত সোমবার ঢাকার রমনা রেষ্টুরায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ইয়াজউদ্দীন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় সাবেক সচিব মাহে আলম, ইভিপিডেন্টের সম্পাদক মাহবুবুল আলম, সাবেক অতিরিক্ত সচিব খোরশেদ আনসার খান, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের যুগ্ম সচিব আমিরুল ইসলাম, শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম সচিব মাহমুদুল হক, যুগ্ম সচিব আব্দুল হক, ডেসার সচিব মুজিবুর রহমান, বাসস'র কূটনৈতিক সংবাদদাতা দেলোয়ার হোসেন, শিল্পপতি এম এ মল্লিক ও মিসেস মাল্লিক, যুক্তিযোদ্ধা শামসুল হক মোহন প্রমুখ আলোচনায় অংশ নেন। সমিতির আহ্বায়ক আলাউদ্দীন আহমদ সভা পরিচালনা করেন।

বঙ্গারা মুন্সিগঞ্জের বঙ্গায়োগিনীতে জন্ম তাপস অতীশ দীপঙ্করের জন্য স্থানে একটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপন; মুক্তারপুর সেতু নির্মাণ ও মুন্সিগঞ্জ শহররক্ষা প্রকল্প গ্রহণ, নদী তীরে মানিকগঞ্জের দৌলতপুর ও শিবালয় থানার ৮টি ইউনিয়নের ক্ষতিগ্রস্তদের জন্য সরকারী সহায়তা প্রদান, ৬টি জেলার টেলিযোগাযোগ উন্নতকরণ, নবাবগঞ্জ থানার সড়ক উন্নয়ন ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোর আধুনিকীকরণের ওপর জোর দেন এবং এগুলো দ্রুত বাস্তবায়নের জন্য সরকারের প্রতি দাবী জানান।